

পাখি নই

পাখিরা কখনো মানুষের মতো নিকটবর্তী হয় না
তারা গায়ে গায়ে মাখামাখি করে না
কিছুটা দূরত্ব রেখেই পাশাপাশি বসে থাকে
কেবল মিলনের সময় ছাড়া।

পাখির স্বভাব হলে আমরা চিরকাল
হতম সুখী কিন্তু আমরা পাখি নই।
মানুষ আমরা অতিনিকটে থেকে
জড়াজড়ি করেও থাকি অনেক দূর।

আয়শা ঝর্না

